যুগান্তর

তারিখ [illegible] SEP 2013 পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

# সিংড়ায় অধ্যক্ষের নেতৃত্বে শিক্ষকদের ওপর হামলা : আটক ১২

নাটোর প্রতিনিধি

নাটোরের সিংড়ার টেকনিক্যাল বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট কলেজে নিয়োগ ও নানা অনিয়মের প্রতিবাদ করায় শিক্ষক এবং অভিভাবকদের ওপর হামলা করেছে কলেজের অধ্যক্ষ রকি ও তার লোকজন। এ ঘটনায় মঙ্গলবার সকাল সাড়ে ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত অধ্যক্ষ ও তার লোকজনকে বিক্ষুব্ধ এলাকাবাসী অবরুদ্ধ করে রাখে। পরে পরিস্থিতি শান্ত করতে প্রশাসন ১৪৪ ধারা জারি করলেও পরিস্থিতি বেগতিক হওয়ায় দুপুর আড়াইটার দিকে অধ্যক্ষসহ ১২ জনকে আটক করেছে পুলিশ। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানায়, মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে সিংড়া উপজেলার টেকনিক্যাল বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট কলেজের অবৈধ নিয়োগ ও নানা অনিয়মের প্রতিবাদ করায় কলেজের অধ্যক্ষ সিংড়া থানা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সম্পাদক আবু বকর সিদ্দিক রকি ও তার লোকজন কয়েকজন শিক্ষক, ম্যানেজিং কমিটির সদস্য এবং অভিভাবকদের ওপর হামলা চালায়। এ সময় প্রতিবাদী শিক্ষক আনছার আলী, মোস্তাফিজুর রহমান, নুরুল ইসলাম বুলবুল, আবদুল্লাহ আল মামুন, ইলিয়াস আলী ও অভিভাবক সাইফুল ইসলামসহ বেশ কয়েকজন আহত হন। পরে সংবাদটি চারদিকে ছড়িয়ে পড়লে এলাকাবাসী ও অভিভাবকরা সমবেত হয়ে কলেজ ঘেরাও করে অধ্যক্ষ ও তার সমর্থকদের অবরুদ্ধ করে এবং অধ্যক্ষ রকি ও তার বাবা আবুল কালাম আজাদের অপসারণ দাবিতে বিক্ষোভ মিছিল করে। সিংড়া থানা পুলিশের চেষ্টার পরও প্রায় আড়াই ঘণ্টা কলেজ ঘেরাও করে রাখে বিক্ষুব্ধরা। পরে পরিস্থিতি শান্ত করতে সিংড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা কলেজ এলাকার আশপাশে পরিস্থিতি শান্ত না হওয়া পর্যন্ত ১৪৪ ধারা জারি করেন। তারপরও পরিস্থিতি শান্ত না হলে জেলা শহর থেকে সার্কেল এএসপি তরিকুল ইসলামের নেতৃত্বে অতিরিক্ত পুলিশ পাঠানো হয়। পুলিশ কলেজের অধ্যক্ষ রকিসহ ১২ জনকে আটক করে সিংড়া থানায় নিয়ে যায়। আটককৃত অন্যরা হল— শিক্ষক ও অভিভাবকদের ওপর হামলাকারী রকির ভাই সোলেমান, বাবা আবুল কালাম আজাদ, জামাই সিদ্দিক ও সমর্থক মহিদুল, সুলতান, জাহাঙ্গীর, ওসমান, হাসান, আশরাফ, জহুরুল ও মোস্তাক।